

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কেশবপুর, যশোর।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির অনুষ্ঠিত মাসিক সভার কার্য বিবরণীঃ (মে/২০২২)

সভাপতিঃ জনাব পলাশ কুমার মল্লিক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
কেশবপুর, যশোর।

স্থানঃ উপজেলা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কেশবপুর, যশোর।

তারিখঃ ০৫/০৫/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক”তে সংযোজিত।

অদ্য ০৫/০৫/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মে/২০২২খ্রিঃ মাসের ৪১ তম মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব পলাশ কুমার মল্লিক। সভার শুরুতেই তিনি উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যগণের স্বাক্ষর গ্রহন করা হয় ও কমিটির সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব পুলোক কুমার সিকদারকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর জন্য বলা হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়িকরণ করা হয়।

চলতি সভার আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্তঃ

- ০১। প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনাঃ
- ০২। আত্মকর্মসংস্থান সংক্রান্ত আলোচনাঃ
- ০৩। যুব ঋণ বিতরণ সংক্রান্ত আলোচনাঃ
- ০৪। বিবিধঃ

০১। প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনাঃ সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় রাজস্ব খাতে ড্রাম্যামান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। অত্র উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত ১৮-৩৫ বছর বয়সের যুব/যুব মহিলাদের তাদের স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন বিষয়ে যুব প্রশিক্ষণ প্রদান করা হয়। এ মাস পর্যন্ত চলতি অর্থবছরে ৪২০ জন সহ ক্রমপূর্ণিজত ৬৭৭৬ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এবং প্রতিটি ইউনিয়নে ০১ টি করে ব্যাচ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সিদ্ধান্তঃ সভাপতি প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা শেষে জানান, যেহেতু প্রশিক্ষণ কমসূচী প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক পরিচালনা করা হয়ে থাকে সে ক্ষেত্রে প্রতিটি ইউনিয়নে ০১ টি করে ব্যাচ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করাতে সদস্য সচিব সহ তার কার্যালয়ের সকলকে ধন্যবাদ প্রদান করেন এবং প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পূরণ হওয়ার সভাপতি সন্তোষ প্রকাশ করেন।

০২। আত্মকর্মসংস্থান সংক্রান্ত আলোচনাঃ সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় রাজস্ব খাতে ৮৪ জন যুবকে আত্মকর্মী করার নির্দেশনা রয়েছে। সে লক্ষ্য নিয়ে চলতি মাসে বাৎসরিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ৭৭ জন সহ সর্বমোট ৪৫৬৫ জন কে আত্মকর্মী করা হয়েছে।

সিদ্ধান্তঃ সভাপতি আত্মকর্ম সংক্রান্ত আলোচনা শেষে জানান, আত্মকর্ম সংক্রান্ত প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক লক্ষ্যমাত্রা পূরণ হওয়ায় সদস্য সচিব সহ তার কার্যালয়ের সকলকে ধন্যবাদ প্রদান করেন।

০৩। যুব ঋণ সংক্রান্ত আলোচনাঃ সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, প্রধান কার্যালয়ের নিম্নোক্ত রাজস্ব ও পরিবার ভিত্তিক ঋণ কার্যক্রম সহ মোট ৯০ জন যুব ও যুব মহিলাকে ৪৯,৩০,০০০ টাকা বিতরণ করা হইবে। চলতি মাস পর্যন্ত রাজস্ব খাতে ১০২ জনকে মোট ৪৬,৮০,০০০ টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে এবং দ্রুত লক্ষ্যমাত্রা পূরণ করা হবে বলে তিনি জানান।

সিদ্ধান্তঃ সভাপতি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সে নির্দেশনা মোতাবেক ঋণ কার্যক্রম পরিচালনা করতে বলেন।

০৪। বিবিধঃ সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, তার কার্যালয়ের চলতি বছরের রাজস্ব ঋণ কার্যক্রম এর চলমার আদায়ের হার ৯৯% ও পরিবার ভিত্তিক ঋণ কার্যক্রম এর চলমার আদায়ের হার ১০০%।

সভাপতি যুব উন্নয়ন অফিসের সার্বিক কার্যক্রমের উপর সন্তোষ প্রকাশ করেন এবং সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


(পলাশ কুমার মল্লিক)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
কেশবপুর, যশোর।

স্মারকনং-৩৪.০১.৪১৩৮.০০০.২৩.০১৩.৯৬- ৭৭৮

তারিখঃ ০৫/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ


১। চেয়ারম্যান উপজেলা পরিষদ কেশবপুর, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।

৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।

৪। চেয়ারম্যান ইউপি, কেশবপুর, যশোর।

৫। অফিস কপি।


(পুলোক কুমার সিকদার)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
কেশবপুর, যশোর।